

# ধর্ষকদের ফাঁসির দাবিতে মধ্যরাতে ঢাবি শিক্ষার্থীদের বিক্ষোভ

অনলাইন ডেস্ক

০৯ মার্চ, ২০২৫ ০২:১৩

শেয়ার

অ +

অ -



ছবি: কালের কণ্ঠ

ধর্ষকদের প্রকাশ্যে ফাঁসির দাবিতে মধ্যরাতে বিক্ষোভ করেছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) শিক্ষার্থীরা। শনিবার (৮ মার্চ) দিবাগত রাত সাড়ে ১২টার দিকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন আবাসিক হল থেকে শিক্ষার্থীরা এই বিক্ষোভ মিছিল বের করেন। এ সময় মাগুরায় ৮ বছরের শিশু আছিয়াসহ দেশের বিভিন্ন স্থানে সংঘটিত ধর্ষণের ঘটনায় দ্রুত সুষ্ঠু তদন্ত ও দোষীদের সর্বোচ্চ শাস্তি নিশ্চিতের দাবি জানান তারা।

জানা গেছে, প্রথমে সুফিয়া কামাল হলের আবাসিক শিক্ষার্থীরা মিছিল শুরু করলে পরবর্তীতে শহীদুল্লাহ হলসহ অন্যান্য হলের শিক্ষার্থীরাও যোগ দেন।

এরপর তারা মিছিলটি নিয়ে ঢাবি ক্যাম্পাস প্রদক্ষিণ করেন। রাত ১টা ৩০ মিনিটেও রাজু ভাস্কর্যের পাদদেশে শিক্ষার্থীদের বিভিন্ন স্লোগানে বিক্ষোভ করতে দেখা গেছে।

শনিবার (৮ মার্চ) দিবাগত রাত সাড়ে ১২টার দিকে বিশ্ববিদ্যালয়ের কবি সুফিয়া কামাল হল থেকে বিক্ষোভ মিছিল নিয়ে বের হন তারা। ‘উই ওয়ান্ট জাস্টিস’, ‘দফা এক দাবি এক, স্বরাষ্ট্র উপদেষ্টার পদত্যাগ’সহ বিভিন্ন স্লোগান দেন শিক্ষার্থীরা।

বিক্ষোভকারীরা ‘আমার সোনার বাংলায়, ধর্ষকদের ঠাই নাই’, ‘ধর্ষকদের কালো হাত, ভেঙে দাও, গুঁড়িয়ে দাও’, ‘উই ওয়ান্ট জাস্টিস’, ‘আমি কে তুমি কে, আছিয়া আছিয়াসহ বিভিন্ন স্লোগান দিতে থাকেন।

বিক্ষোভে অংশ নেওয়া ছাত্রীরা বলেন, দেশে শিশু থেকে বৃদ্ধা কেউই ধর্ষকদের হাত থেকে রেহাই পাচ্ছে না। ধর্ষকদের গ্রেপ্তার করার পর তাদের বিচার হয় কি না, তা আমরা জানতে পারি না। দেখা যায় ধর্ষকরা জামিন পেয়ে বাইরে অবাধে চলাফেরা করে।

ধর্ষকদের শাস্তি সংবিধানে লিপিবদ্ধ থাকলেও তা বাস্তবায়ন হতে দেখি না। এ অবস্থা থেকে উত্তরণে আইন সংশোধনসহ প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে।

অপরদিকে বাংলাদেশ গণতান্ত্রিক ছাত্র সংসদের কেন্দ্রীয় কমিটির আহ্বায়ক ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী আবু বাকের মজুমদারকে বিভিন্ন স্লোগান দিতে দেখা যায়। স্লোগানের মধ্যে ছিল : সারা বাংলায় খবর দে, ধর্ষকের কবর দে। জাস্টিস জাস্টিস, উই ওয়ান্ট জাস্টিস।

হ্যাং দ্যা রেপিস্ট, উই ওয়ান্ট জাস্টিস। তিনি বলেন, স্বরাষ্ট্র উপদেষ্টা দেশের পরিস্থিতি নিয়ন্ত্রণে সম্পূর্ণ ব্যর্থ হয়েছেন। আমরা তার পদত্যাগের দাবি জানাই।

অবস্থান কর্মসূচি শেষে পরবর্তী কর্মসূচির ঘোষণা করেছেন বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের মুখপাত্র উমামা ফাতেমা। এসময় তিনি বলেন, আজ রাজু ভাস্কর্যের পাদদেশ থেকে আমরা ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা ধর্ষণবিরোধী মঞ্চ ঘোষণা করলাম। রবিবার ধর্ষকদের ফাঁসির দাবিতে এবং বিশেষ ট্রাইব্যুনাল গঠন করে প্রতিটি ধর্ষণের বিচারের দাবিতে সন্ধ্যা সাড়ে ৭টায় মশাল মিছিল করা হবে।

এর আগে সন্ধ্যা সাড়ে ৭টায় বেগম রোকেয়া হলের সামনে থেকে শিক্ষার্থীরা মশাল মিছিল বের করেন। মিছিলটি রোকেয়া হলের সামনে থেকে ভিসি চত্বর প্রদক্ষিণ করে ফের রোকেয়া হলের সামনে এক সংক্ষিপ্ত সমাবেশে মিলিত হয়।

